লকডাউনের খবরে হাটবাজারে মানুষের উপচে পড়া ভীড় মাঠে ভ্রাম্যমান আদালত

লকডাউনের খবে ঝিনাইদহের বিভিন্ন বিপনীবিতান, হাট-বাজারে বেড়েছে মানুষের উপচেপড়া ভীড়। কোথাও নেই সামাজিক দূরত্ব বা স্বাস্থ বিধি মানার প্রবণতা। ক্রেতারা যেমন স্বাস্থ বিধি মানছে না তেমনি দোকানীদেরও একই অবস্থা। এদিকে আজ সকাল থেকে সন্ধা ৬টা পর্যন্ত দোকান খোলারাখার নির্দেশ দিয়েছে দোকান মারিক সমিতি।
রোববার সকাল ১০ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত শহরের বিভিন্ন হাট-বাজার ও বিপনীবিতানগুলো ঘুরে দেখা গেছে, একদিকে যেমন লকডাউন তেমনি সামনে আসছে রমজান মাস। এ জন্য অনেকেই যেমন কাচা বাজার করছেন তেমনি অনেকেই আবার কিনে রাকছেন কাপড়-চোপড়।
তবে এদের কারো মধ্যেই নেই স্বাস্থ বিধি মানার প্রবণতা। শহরে কাপড় কিনতে আসা নারী আসমা বেগম জানান, শুনেছি কাল থেকে লকডাউন। কবে পরিস্তিতি স্বাভাবিক হবে জানি না। তাই আজকেই প্রয়োজনীয় কিছু কাপড় কিনে রাখলাম। অপর ক্রেতা রকি বিশ্বাস জানান, লক ডাউন কালকে থেকে শুরু।
তারপরও আবার রমজান মাস আসছে। তাই কিছু কাচা বাজার ও ছোলা-মুড়ি কিনতে আসছি। তবে স্বাস্থ বিধি না মানার বিষয়ে সদুত্তর দিতে পারেনি কেউ। অন্যদিকে লকডাউনের কথা শুনে হাটকাজারে মানুষের চলাচল বেড়ে যাওয়াই করোনা সংক্রমণ রোধে বিভিন্ন মার্কেট ও শপিং মলে স্বাস্থ বিধি ও সামাজিক দুরত্ব নিশ্চিতে মাঠে নেমেছে ভ্রাম্যমান আদালত।
সাড়ে ১১ টা থেকে অভিযান শুরু হয়ে চলে বিকাল ৩ টা পর্যন্ত। এসময় এক সাথে গাদাগাদি করে কেনা-কাটা করায় ও দোকানে স্যানিটাইজিং ব্যবস্থা না থাকায় দোকান মালিক সহ ২৯ জনকে বিভিন্ন অংকে জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালতের বিচারক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হেদায়েত উল্লাহ জানান, জেলা প্রশাসন থেকে নিয়মিতই অভিযান পরিচালিত হচ্ছে।
তবে আগামীকাল থেকে লকডাউন এর কথা শুনে সাধারণ মানুষ বাইরে বেশি বের হয়েছে। যার ফলে হাট বাজার ও মার্কেট গুলোতে সামাজিক দুরত্ব নিশ্চিতে অভিযান করছি।

দেশের ইতিহাসে সর্বোচ্চ শনাক্তের দিনে মৃত্যু ৫৩

দেশে করোনায় মৃত্যু ও সংক্রমণ শনাক্তের ঊর্ধ্বগতি আজও অব্যাহত আছে। গত ২৪ ঘণ্টায় ৭ হাজার ৮৭ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। আর গত চব্বিশ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৫৩ জনের। দেশে এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়ালো ৯ হাজার ২৬৬ জনে। একই সময়ে মোট শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ৬ লাখ ৩৭ হাজার ৩৬৪ জনে। একদিনে মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৩০ হাজার ৭২৪ জনের। ২৪ ঘণ্টায় শনাক্তের হার ২৩.৭ শতাংশ।

রোববার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৭০৭ জন। এখন পর্যন্ত মোট সুস্থের সংখ্যা ৫ লাখ ৫২ হাজার ৪৮২।

এখন পর্যন্ত মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৮৭ লাখ ৮৩ হাজার ৩৮৫টি। মোট পরীক্ষার তুলনায় শনাক্তের হার ১৩ দশমিক ৩২ শতাংশ

টিকা নেওয়ার ২ মাস পর করোনায় আক্রান্ত এমপি চুমকি

ভ্যাকসিন নেওয়ার এক মাস ২২ দিন পর বাংলাদেশ আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক ও গাজীপুর-৫ আসনের সংসদ সদস্য মেহের আফরোজ চুমকি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তবে তার শারীরিক অবস্থা ভালো রয়েছে।

রোববার সকালে মেহের আফরোজ চুমকির করোনা পজিটিভ রিপোর্ট আসে।

সত্যতা নিশ্চিত করেছেন কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এইচএম আবু বকর চৌধুরী এবং কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের

সাধারণ সম্পাদক কামরুল ইসলাম।

সংসদ সদস্য মেহের আফরোজ চুমকি মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির দায়িত্বেও রয়েছেন।

জানা যায়, গত ৭ ফেব্রুয়ারি সারা দেশে একযোগে করোনার টিকাদান কর্মসূচির শুরু হয়। প্রথম দিনই কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিজের শরীরে করোনা ভ্যাকসিন গ্রহণের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেছিলেন মেহের আফরোজ চুমকি।

কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এইচএম আবুবকর চৌধুরী এবং কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামরুল ইসলাম বলেন, সংসদ সদস্য মেহের আফরোজ চুমকির করোনার কোনো উপসর্গ ছিল না।

৪ এপ্রিল সংসদ অধিবেশনে যোগ দেওয়ার উদ্দেশ্যে শনিবার সকালে ঢাকায় সংসদ সচিবালয় চিকিৎসাকেন্দ্রে করোনা পরীক্ষার জন্য নমুনা দেন তিনি। পরে তার করোনা পজিটিভ রিপোর্ট আসে।

এর পর থেকে তিনি ঢাকায় তার বাসায় আইসোলেশনে রয়েছেন। মেহের আফরোজ চুমকি সুস্থ আছেন। তিনি সবার কাছে দোয়া চেয়েছেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা মো. মিনহাজ উদ্দিন মিয়া বলেন, গত ৭ ফেব্রুয়ারি সারা দেশে একযোগে করোনার টিকাদান কর্মসূচি শুরু হয়। প্রথম দিনই মেহের আফরোজ চুমকি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভ্যাকসিন গ্রহণের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় টিকাদান কার্যক্রমের উদ্বোধন করেছিলেন।

তিনি বলেন, এ পর্যন্ত কালীগঞ্জের চার হাজার ৮৬৭ জনের নমুনা সংগ্রহ ও পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে কোভিড-১৯ শনাক্ত হয়েছেন ৬৩১ জন এবং সুস্থ হয়েছেন ৫৭৫ জন। কোভিড-১৯ শনাক্ত হয়ে এবং মৃত্যুর পর পরীক্ষায় শনাক্ত হয়েছে ১৭ জনের।

এ ছাড়া কালীগঞ্জে এ পর্যন্ত ১০ হাজার ২০০ জনকে করোনার ভ্যাকসিন দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

৭ দিনের ‘লকডাউনে’ কী করা যাবে, কী করা যাবে না

কোভিড ১৯-এর সংক্রমণ রোধে শর্ত সাপেক্ষে সারা দেশে চলাচল ও কাজে নিষেধাজ্ঞা জারি করেছে সরকার।

রোববার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এতে বলা হয়েছে, ৫ এপ্রিল ভোর ৬টা থেকে ১১ এপ্রিলে রাত ১২টা পর্যন্ত এসব নিষেধাজ্ঞা কার্যকর হবে।

এই সাত দিন গণপরিবহন চলাচল বন্ধের পাশাপাশি বাজার-মার্কেট, হোটেল-রোস্তোরাঁসহ বিভিন্ন ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করা হয়েছে।

সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও আভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জুররি সেবার ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া বিদেশগামী/ বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না।

আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন- ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা বিদ্যুৎ, পানি, গ্যাস জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দর (স্থল, নৌ ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিস এবং তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে।

সকল সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত অফিস ও আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে পারবে। শিল্প কারখানা ও নির্মাণ কাজ চালু থাকবে। বিজিএমইএ ও বিকেএমইএ শিল্প কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড

হাসপাতাল ও চিকিৎসার ব্যবস্থা করবে।

সন্ধ্যা ৬টা থেকে ভোর ৬টা পর্যন্ত অতি জুরুরি প্রয়োজন ছাড়া (ওষুধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না।

খাবারের দোকান ও হোটেল রেস্তোরাঁয় কেবল খাবার বিক্রি ও সরবরাহ করা যাবে। কোনো অবস্থায় হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না।

শপিংমলসহ অন্যান্য দোকান বন্ধ থাকবে। তবে দোকানগুলো পাইকারি ও খুচরা পণ্য অনলাইনের মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই কর্মচারীদের আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোনো ক্রেতা সশরীরে মার্কেটে যেতে পারবেন না।

কাঁচাবাজার ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত উম্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে কেনাবেচা করা যাবে। বাজার কর্তৃপক্ষ বা স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে।

ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা দেবে।

সশস্ত্র বাহিনী বিভাগ ঢাকার সুবিধাজনক স্থানে ফিল্ড হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন এসব নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ নেবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে। এই আদেশ আমন্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনুনানুগ ব্যবস্থা নেওয়া করবে।

গাংনীতে করোনাভাইরাস

প্রতিরোধে স্বেচ্ছাসেবী কমিটি গঠন

করোনাভাইরাস সংক্রমণরোধে সামাজিক দূরত্ব নিশ্চিত করার জন্য স্বেচ্ছাসেবী কমিটি গঠন করেছে মেহেরপুরের গাংনী পৌরসভা। এছাড়াও পথচারীদের মাঝে মাস্ক বিতরণ, সড়কে ব্লিসিং পাউডার ছিটানো ও জনসচেতনতা সৃষ্টির কাজ করছে গাংনী পৌরসভা।
রোববার সকাল দশটার দিকে গাংনী বাস স্ট্যান্ড এলাকায় পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। করোনাভাইরাস মোকাবেলায় সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান মেয়র আহম্মেদ আলী।

করোনায় আরও ৫৮ জনের মৃত্যু

কোভিড-১৯ মহামারিতে গত ২৪ ঘণ্টায় দেশে ৫৮ জনের মৃত্যু হয়েছে। ৫৬৮৩ জন নতুন করোনা রোগী শনাক্ত হয়েছেন এই সময়ে।

করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর সবশেষ পরিসংখ্যান নিয়ে শনিবার স্বাস্থ্য অধিদফতরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, গত একদিনে ২৪ হাজার ৫৪৮টি নমুনা পরীক্ষা করে গত ২৪ ঘণ্টায় ৫ হাজার ৬৮৩ জন রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা বেড়ে ৬ লাখ ৩০ হাজার ২৭৭ জনে দাঁড়িয়েছে। আর মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ৯ হাজার ২১৩ জনে।

২৪ ঘণ্টায় শনাক্তের হার ২৩ দশমিক ১৫ শতাংশ।

দেশে প্রথম কভিড-১৯ সংক্রমণ ধরা পড়েছিল গত বছরের ৮ মার্চ। মৃত্যুর খবর আসে ১০ দিন পর অর্থাৎ ১৮ মার্চ। এর মধ্যে গত বছরের ৩০ জুন এক দিনেই ৬৪ জনের মৃত্যুর খবর জানানো হয়, যা এক দিনের সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড।

টিকা নেয়ার পরও ঝালকাঠিতে করোনায় স্কুলশিক্ষকের মৃত্যু

ঝালকাঠির কাঠালিয়ায় তম্ময় বেপারী (৩৫) নামে এক স্কুলশিক্ষক করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন। তিনি গত ২০ মার্চ করোনার টিকা নিয়েছিলেন। শনিবার বেলা ১১টার দিকে বরিশাল মেডিক্যালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

জ্বর-সর্দি ও ডায়রিয়ায় আক্রান্ত হলে তিনি ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা নেন এবং ৩১মার্চ করোনা টেস্টে রেজাল্ট পজিটিভ আসে।

তম্ময় বেপারী উপজেলার নেয়ামতপুরা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং চেঁটরী রামপুর ইউনিয়নের রামপুর গ্রামের দিলিপ বেপারীর ছেলে।

নেয়ামতপুরা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অনিল চন্দ্র তালুকদার শিক্ষক তম্ময় বেপারী করোনায় মৃত্যুর সত্যতা নিশ্চিত করে বলেন, গত ২০ মার্চ বিদ্যালযের পাশে মিরুখালী ক্লিনিক থেকে তিনি করোনার টিকা নেন।

পরের দিন ২১ মার্চ জ্বর হলে ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কেন্দ্র চিকিৎসা নেন এবং ৩১ মার্চ টেষ্টে তার করোনা পজিটিভ ধরা পড়ে।

লকডাউনে যেভাবে চলবে শিল্প কারখানা-জনপ্রশাসন

প্রতিমন্ত্রী

করোনা সংক্রমণ বেড়ে যাওয়ার পরিস্থিতিতে সারা দেশে সোমবার থেকে এক সপ্তাহের জন্য লকডাউন ঘোষণা করা হয়েছে সরকারের পক্ষ থেকে। তবে এই সময়ে জরুরি সেবাদানকারী প্রতিষ্ঠান ও শিল্প কারখানা চালু থাকবে।

এ তথ্য জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। শনিবার এক বিবৃতিতে এ তথ্য জানান তিনি।

লকডাউনে কীভাবে শিল্প কারখানা চালু থাকবে এর ব্যাখ্যায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, দ্রুত বেড়ে যাওয়া করোনাভাইরাসের সংক্রমণ রোধ করার স্বার্থে দুই থেকে তিন দিনের মধ্যে সরকার সারা দেশে এক সপ্তাহের জন্য লকডাউনের সিদ্ধান্ত নিতে যাচ্ছে। লকডাউন চলাকালে জরুরি সেবা দেয়—এমন প্রতিষ্ঠানগুলো এবং শিল্প-কারখানা খোলা থাকবে। শ্রমিকেরা স্বাস্থ্যবিধি মেনে এবং বিভিন্ন শিফটে কারখানায় কাজ করবেন।

এদিকে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন আগামীকাল সোমবার থেকে এক সপ্তাহের জন্য লকডাউনে থাকবে দেশ।

প্রসঙ্গত, দেশে প্রথম করোনা সংক্রমণ ধরা পড়ে গত বছরের ৮ মার্চ। এর ১০ দিন পর প্রথম মৃত্যু হয়। সম্প্রতি করোনার সংক্রমণ বেড়ে যাওয়ায় রোগী শনাক্ত ও মৃত্যু বেড়েছে। শুক্রবার স্বাস্থ্য অধিদফতর জানায়, দেশে ২৪ ঘণ্টায় নতুন করে ছয় হাজার ৮৩০ জন জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর আগে গত বৃহস্পতিবার ছয় হাজার ৪৬৯ জন করোনায় আক্রান্ত হয়েছিল, যেটি ছিল সর্বাধিক। এ নিয়ে দেশে মোট ছয় লাখ ২৪ হাজার ৫৯৪ জন করোনায় আক্রান্ত হয়েছে।

এ ছাড়া দেশে নতুন করে করোনায় আরও ৫০ জন মারা গেছে। এ নিয়ে মৃতের সংখ্যা বেড়ে নয় হাজার ১৫৫ জনে দাঁড়িয়েছে।

Shares
facebook sharing button

ঝিনাইদহে নতুন করে ১২ জন করোনা আক্রান্ত

গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ নতুন করে আক্রান্ত হয়েছেন ১২ জন। জানা যায়, ২৪ টি নমুনার ফলাফল এসেছে এর মধ্যে ১২ জনের করোনা পজেটিভ।
গতকাল শুক্রবার সিভিল সার্জন সূত্রে জানাযায়, আক্রান্ত ১২ জনের মধ্যে ঝিনাইদহ সদর সদরে-২, শৈলকূপা -১, কোটচাঁদপুর -৭,মহেশপরে-২ জন আক্রান্ত। ২ টির ফলাফল পরে এসেছে ফলে ১০+ ২= ১২ জন আক্রান্ত।

সুত্রঃ সিভিল সার্জন ঝিনাইদহ

৫ এপ্রিল থেকে সারাদেশে লকডাউন ঘোষণা

করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় ফের লকডাউনে যাচ্ছে পুরো দেশ।

আগামী ৫ এপ্রিল থেকে এক সপ্তাহের লকডাউন ঘোষণা করতে যাচ্ছে সরকার।

শনিবার সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের তার সরকারি বাসভবনে এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান।

তিনি বলেন, কোভিড-১৯ সংক্রমণ উদ্বেগজনক হারে বাড়তে থাকায় আগামী সোমবার ৫ এপ্রিল থেকে সারাদেশ এক সপ্তাহের জন্য লকডাউন ঘোষণা করতে যাচ্ছে সরকার।